

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

নির্বাচিত ৭টি ফসলের উত্তম কৃষি চর্চা (GAP) প্রোটোকল রিভিউ সংক্রান্ত কমিটির ১ম সভার কার্যবিবরণী


সভাপতি	: ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
তারিখ ও সময়	: ৩ জুন ২০২৫, বিকাল: ০৪:০০ ঘটিকা।
স্থান	: বিএআরসি, সভাকক্ষ-১, ফার্মগেট, ঢাকা।
সভায় উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট 'ক'।

PARTNER প্রোগ্রামের অর্থায়নে মাঠ পর্যায়ে GAP কার্যক্রমের অংশ হিসেবে চলতি অর্থবছরে (২০২৪-২৫) নির্বাচিত ৭টি ফসল: আলু, কচুরলতি, বাঁধাকপি, চিচিঙ্গা, করলা, আনারস ও জারালেবুর প্রোটোকল প্রণয়নের চূড়ান্ত খসড়া বাংলাদেশ GAP বাস্তবায়নে গঠিত টেকনিক্যাল কমিটির গত ২০ মার্চ ২০২৫ তারিখের সভায় অনুমোদিত হয় এবং গত ১৭ মে ২০২৫ খ্রি তারিখে সচিব, কৃষি মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থাপন করা হলে একটি কমিটির মাধ্যমে রিভিউ করে প্রোটোকলগুলো চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটির ১ম সভা গত ৩ জুন ২০২৫, বিকাল ০৪:০০ ঘটিকায় সভাকক্ষ-১, বিএআরসি, ফার্মগেট, ঢাকায় ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ডিএই, ডিএম, বিএআরসি ও কৃষি মন্ত্রণালয় এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে GAP Protocol প্রণয়ন একটি সময়োপযোগী উদ্যোগ উল্লেখ করে এর সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি GAP কার্যক্রম সরেজমিনে নাচোল, চাঁপাইনবাবগঞ্জ পরিদর্শন করেন এবং GAP অনুসরণে আম ফসলের কার্যক্রম অত্যন্ত সফলভাবে পরিচালিত হচ্ছে বলে সভাকে অবহিত করেন। অতপর তিনি প্রোটোকল বিষয়ে মতামত উল্লেখ করেন। কমিটির অন্য সদস্যরাও তাঁদের মতামত প্রদান করেন।

২.০ বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ২.১) প্রোটোকলে 'সহযোগিতার' স্থলে 'কারিগরি সহযোগিতায়' বিএআরসি-কে Acknowledge করা।
- ২.২) রচনা ও সম্পাদনার ক্ষেত্রে সকলের নামের পাশে প্রতিষ্ঠান উল্লেখ করা।
- ২.৩) GAP প্রোটোকল বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের নিমিত্ত প্রোটোকল পুস্তিকায় বিএআরসি'র ওয়েবসাইট: www.barc.gov.bd ও QR Code উল্লেখ করা।
- ২.৪) সরবরাহকৃত খসড়া প্রোটোকলগুলো কমিটির সকল সদস্য কর্তৃক ভালোভাবে যাচাই করে পরবর্তী সভায় উপস্থাপন করা।
- ২.৫) এ বিষয়ে পরবর্তী সভা আগামী ১৫ জুন ২০২৫, বিকাল: ০৪:০০ ঘটিকায় বিএআরসি, ঢাকায় অনুষ্ঠিত হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ)

মহাপরিচালক

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

ও

আহবায়ক, নির্বাচিত ৭টি ফসলের উত্তম কৃষি চর্চা (GAP)
প্রোটোকল রিভিউ সংক্রান্ত কমিটি